

৬৩

ছবি বিকৃত : তাঃ বিঃ কর্মকর্তাকে শো'কজ করা হচ্ছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জীবজন্তু এবং প্রাণীর ছবি বা মূর্তি রাখা 'না-জায়েজ' বলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক কর্মকর্তা বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারে প্রধানমন্ত্রীর ছবিসহ কয়েকটি ছবি বিকৃত করে ফেলেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রধানমন্ত্রীর ছবি ও বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারকে বিকৃত এবং অবমাননার দায়ে এ কর্মকর্তাকে শো'কজ করার সিদ্ধান্ত নিয়েছে। শো'কজ : পৃঃ ১১ কঃ ৫

শো'কজ : করা হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের উপ-হিসাব পরিচালক আহাম্মদ আলী বিশ্ববিদ্যালয়ের '৯৯-২০০০ সালের ক্যালেন্ডারে জাতীয় কবি কাজী নজরুলের কবরে মোনাজাতরত প্রধানমন্ত্রীর ছবি, তার আগের বছরের রাজু ভাস্কর্যের ছবিসহ কয়েকটি ছবি বিকৃত করে ফেলে। ছবিগুলোর উপর সাদা ফুইড লেপটে দেয়া হয়।

গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনৈক ছাত্র উপ-হিসাব পরিচালক আহাম্মদ আলীর কক্ষে গিয়ে ক্যালেন্ডারের এ অবস্থা দেখে ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী, সহ-সভাপতি বলরাম পোদ্দার, যুগ্ম সম্পাদক লিয়াকত শিকদারসহ কয়েকজন নেতাকে জানান। তারা তাত্ক্ষণিকভাবে ঘটনাস্থলে গিয়ে ক্যালেন্ডারের এ অবস্থা দেখে ভারপ্রাপ্ত উপাচার্যকে জানান। পরে উপ-উপাচার্য অধ্যাপক ডঃ মোঃ শাহাদত আলী, রেজিস্ট্রার মোঃ সেলিম, হিসাব পরিচালক রুহুল আমিন আকন্দসহ কর্মকর্তারা গিয়ে উদ্বেজিত নেতাকর্মীদের নিবৃত্ত করেন।

উপ-উপাচার্য প্রথমে ক্যালেন্ডারটি পাল্টে ফেলতে বললেও তা করা হয়নি। এ সময় তিনি আহাম্মদ আলীকে শো'কজ করার জন্য রেজিস্ট্রারকে নির্দেশ দেন।

উপ-হিসাব পরিচালক আহাম্মদ আলীকে এ ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, কোন জীবজন্তু বা প্রাণীর ছবি রাখা ঠিক নয় বলে তিনি পিয়নকে দিয়ে ছবিগুলো বিকৃত করেছেন।

ক্যালেন্ডারে আরো ছবি থাকলেও সেগুলো বিকৃত না করে কেবলমাত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও রাজু ভাস্কর্যের ছবিগুলো বিকৃত করা হয়েছে। তার কক্ষে জিয়াউর রহমানের একটি ছোট ছবি, সাবেক উপাচার্য এমাজউদ্দিনের কয়েকটি ছবিও দেখা গেছে।